

### ভর্তি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ, সেকশন-১৪, মিরপুর, ঢাকা-১২০৬-এ ২০২১-২২ শিক্ষাবর্ষে **Master of Applied Criminology and Police Management (MACPM)** একটি প্রফেশনাল মাস্টার্স প্রোগ্রাম। কোর্সটি সাপ্তাহিক ছুটির দিনে (শুক্র ও শনিবার) পরিচালিত হয়। শিক্ষার্থী ভর্তি সংক্রান্তে তথ্যাবলী নিম্নে প্রদত্ত হলো:-

#### ১। ভর্তির যোগ্যতা:

পুলিশ কর্মকর্তা, নন-পুলিশ কর্মকর্তা (ক্যাডার/নন-ক্যাডার সিভিল কর্মকর্তা, সামরিক কর্মকর্তা এবং পেশাজীবী) যাদের নিম্নবর্ণিত যোগ্যতা রয়েছে:

(ক) পুলিশ কর্মকর্তাদের জন্য: পুলিশ পরিদর্শক এবং তদুর্ধ্ব পুলিশ কর্মকর্তা যাদের ২ (দুই) বছরের চাকরির অভিজ্ঞতা রয়েছে।

(খ) নন-পুলিশ কর্মকর্তা যাদের ৩ (তিন) বছরের চাকরির অভিজ্ঞতা রয়েছে এবং মাস্টার্স ডিগ্রী অথবা ৪ (চার) বছরের স্নাতক (সম্মান) ডিগ্রী সম্পন্ন করেছে।

(গ) শিক্ষা জীবনের যে কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণী ভর্তির অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে;

#### ২। আবেদনের নিয়ম:

পুলিশ স্টাফ কলেজের নির্ধারিত ফরমের মাধ্যমে আবেদন করতে হবে। পূরণকৃত আবেদন ফরমের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র জমা দিতে হবে:

ক) এস.এস.সি/সম্মান হতে স্নাতক (সম্মান)/মাস্টার্স পর্যন্ত সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি;

খ) জাতীয় বিশ্ববিদ্যালয় ব্যতীত অন্য বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রীধারীদের মাইগ্রেশন সনদের মূল কপি;

গ) বিদেশী বিশ্ববিদ্যালয় থেকে ডিগ্রীধারী শিক্ষার্থীদের ক্ষেত্রে সমতা নিরূপনের সনদপত্র;

ঘ) চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র;

ঙ) পুলিশ প্রার্থীদের পদমর্যাদার প্রমাণপত্র (আইডি বিপি নম্বরসহ);

চ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৪ কপি রঙিন ছবি;

বিঃ দ্রঃ প্রয়োজনীয় কাগজপত্র অসম্পূর্ণ থাকলে ভর্তি বাতিল বলে গণ্য হবে। ভর্তির সময় অবশ্যই কলেজ কর্তৃপক্ষের নিকট মূল সনদ ও নম্বরপত্র প্রদর্শন করতে হবে। এতে ব্যর্থ হলে আবেদনকারী ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবেন। কলেজ কর্তৃপক্ষ সনদ ও নম্বরপত্রের সত্যতা সম্পর্কে নিশ্চিত হয়ে বিশ্ববিদ্যালয়ে কাগজপত্র দাখিল করবেন।

#### ৩। ফিসের বিবরণ:

আবেদন ফরম জমাদানের সময় আবেদন ফি বাবদ ১০০০/- প্রদান করতে হবে।

#### ৪। ভর্তি সংক্রান্ত তথ্যাবলী নিম্নরূপ:

(ক) ভর্তির ফরম [www.psc.gov.bd](http://www.psc.gov.bd) থেকে ডাউনলোড করা যাবে।

(খ) ভর্তি ফরম জমা দানের শেষ সময় ৩০ নভেম্বর, ২০২২ (বিকাল ৪টা পর্যন্ত)

বিঃ দ্রঃ নির্ধারিত সময়ের পর কোন অবস্থাতেই ব্যাংক ড্রাফট, ভর্তি বিবরণী ও অন্যান্য কাগজপত্র সংশ্লিষ্ট শাখায় গ্রহণ করা হবে না। বিলম্বে ভর্তির কোন প্রকার আবেদন জাতীয় বিশ্ববিদ্যালয়ে গৃহীত হবে না।


৫। পুলিশ কর্মকর্তাদের জন্য করণীয়:

- (ক) এএসপি ও তদুর্ধ্ব কর্মকর্তাগণ পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ নির্ধারিত আবেদনপত্রের সাথে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত আবেদনের ছক পূরণ করে স্ব স্ব ইউনিটের মাধ্যমে পুলিশ হেডকোয়ার্টার্স-এর ট্রেনিং-১ শাখায় প্রেরণ করবেন। মন্ত্রণালয় কর্তৃক অনুমোদনের জন্য পুলিশ হেডকোয়ার্টার্স প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।
- (খ) পুলিশ পরিদর্শকদের আবেদনপত্র স্ব স্ব ইউনিটের মাধ্যমে পুলিশ হেডকোয়ার্টার্স-এর ট্রেনিং-১ শাখায় প্রেরণ করতে হবে।
- (গ) সকল ক্ষেত্রে অগ্রগামী কপি পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ-এ অবশ্যই জমা দিতে হবে।

কোর্সটির সময়কাল: ১২ মাস	আবেদনের সময়কাল: ১০ নভেম্বর থেকে ৩০ নভেম্বর ২০২২ পর্যন্ত
সেমিস্টার সংখ্যা: ০২	ভর্তি পরীক্ষা/আবেদনপত্র যাচাই: ১৭ ডিসেম্বর ২০২২
সর্বমোট ক্রেডিট: ৪২	ফলাফল প্রকাশ: ১৯ ডিসেম্বর ২০২২
ক্লাসের সময়: শুক্রবার ও শনিবার	ভর্তির কার্যক্রম শুরু: ২০ ডিসেম্বর ২০২২
ক্লাস শুরুর তারিখ: জানুয়ারী ২০২৩	

৬। যোগাযোগ:

যে কোন তথ্যের জন্য MACPM অফিস, কক্ষ নম্বর-৪০৮, পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ, মিরপুর-১৪, ঢাকা-১২০৬। ফোন নম্বর- ০১৭১১৩০৫২০৬, ০১৩২০২১৬২১৩ ই-মেইল- [macpm.psc@gmail.com](mailto:macpm.psc@gmail.com)

  
০৬/১১/২০২২  
পরিচালক (একাডেমিক)  
পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ